অক্টোবর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার উপস্থিতি হাজিরা

তাং ২৬/১০/২০২২খ্রি:

| | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মো: নুরুন্নবী চৌধুরী – | 01718926948 | |
| ২। | | | |
| ৩। | মো: জালাল উদ্দিন [illegible] | 01774098121 | |
| ৪। | | | |
| ৫। | ডা: মোছা: আমীনা আক্তার, ULO | 01324289211 | |
| ৬। | [illegible] মহিউদ্দিন আহমেদ | 01726863536 | |
| ৭। | মো: রুবেল সরকার, সহকারী প্রোগ্রামার | 01741-641981 | |
| ৮। | " কামরুজ্জামান – [illegible] | 01745113362 | |
| ৯। | " [illegible], [illegible] | [illegible] | |
| ১০। | মো: সাইফুল ইসলাম চেয়ারম্যান সোনাহাট | 01768097862 | |
| ১১। | | | |
| ১২। | মো: অধ্য: [illegible] | [illegible] | |
| ১৩। | মো: রফিকুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার [illegible] | 01794082365 | |
| ১৪। | | | |
| ১৫। | মো: সাইদুল ইসলাম মুকুল TI AMSDT & VDP | 01738151741 | |
| ১৬। | মো: [illegible] | 01738678074 | |
| ১৭। | মো: নূর [illegible] | 01712-746728 | |
| ১৮। | মো: [illegible] ম্যানেজার [illegible] | [illegible] | |
| ১৯। | [illegible] | 01716437654 | |
| ২০। | [illegible] UR.C | 01719858663 | |
| ২১। | মো: [illegible] UDO | 01709371054 | |
| ২২। | মো: রতন মিয়া, সোনাহাট [illegible] | [illegible] | |
| ২৩। | মো: রায়হান [illegible] URDO | 01712747049 | |
| ২৪। | মো: মাজেদ হোসেন AUSEO | [illegible] | |
| ২৫। | মো: সাহিনুর আলম, পিআইও, ভূরুঙ্গামারী | 01715-608802 | |
| ২৬। | মো: সাইফুল ইসলাম চেয়ারম্যান সোনাহাট | 01768-097862 | |
| ২৭। | আবদুল আহাদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01713775275 | |
| ২৮। | মো: আসাদুজ্জামান – অফিসার P.S.B | 01738879072 | |
| ২৯। | মো: আরিফুল ইসলাম [illegible] SAE, DPHE | 01738-592724 | |
| ৩০। | মো: [illegible] হোসেন AUPO | 01717-164440 | |
| ৩১। | মো: আব্দুল মালেক [illegible] | 01785-062114 | |

| ক্র: নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩২ | শাহ মোঃ আনওয়ার মাহমুদ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, | 01722613332 | [illegible] |
| ৩৩ | মনিরউদ্দিন আহমেদ | | [illegible] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা পরিষদের অক্টোবর ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়ঃ ২৬ অক্টোবর ২০২২ বেলা ঃ ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

সভায় উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১ বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

২ উপজেলা প্রকৌশল দপ্তরঃ

(ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ২০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৬টি বিদ্যালয়ের কাজ চলমান। কামাত আঙ্গারিয়া, ঈশ্বরডুয়া, আন্ধারীঝাড় ও ভোটহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন ও গাছ অপসারণ প্রক্রিয়াধীন থাকায় বিদ্যালয়ের কাজ আপাতত বন্ধ রয়েছে। ছাট গোপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ চলমান। তবে বিদ্যালয়ের দক্ষিণ পার্শ্বে সীমানা সংক্রান্ত জটিলতার কারনে কাজ বন্ধ আছে। সীমানা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। **Provati** প্রকল্পের মাধ্যমে মুক্তিযোদ্ধা বাজারের কাজ চলমান। বলদিয়া বাজারের কাজ সমাপ্ত হয়েছে। স্থানীয়ভাবে **MMC** এর নিকট হস্তান্তর করা হয়। চৌধুরী বাজারের কাজ বাস্তবায়নের জন্য বাজারের পুরাতন সেড নিলামের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া থানাঘাট টু সাহেবগঞ্জ বর্ডার রোড এর কাজ চলমান। **RDRIIP-2** প্রকল্পের কাজ সমাপ্ত। **IRIDP-3** প্রকল্পের মাধ্যমে ৪টি প্যাকেজের কাজ চলমান। **FDDRRIRP** প্রকল্পের মাধ্যমে ২টি ব্রীজের কাজ চলমান। **SupRb** প্রকল্পের আওতায় দুইটি দুইভেন্ট বক্স কালভার্ট এর কাজ চলমান। দেশব্যাপি গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প **(CRMIDP)** এর মাধ্যমে পাগলারহাট হাটসেড নির্মাণ কাজ চলমান। **GOBM** প্রকল্পের আওতায় ৬টি রাস্তার মধ্যে ৫টির কাজ সমাপ্ত। অবশিষ্ট ১ টির কাজ আপাতত বন্ধ। জামতলা হতে বাগভান্ডার রাস্তায় ১৬৮০মিঃ ও ২১৭০মিঃ চেইনেজে পুরাতন বক্স কালভার্ট অপসারণ পূর্বক উক্ত স্থানে নতুন **Box Culvert** নির্মাণের নিমিত্ত্বে পুরাতন মালামাল নিলামে বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়। বঙ্গসোনাহাট **FCD** উপ-প্রকল্পের বাঁধ বিগত ২০০২ সাল হতে ২০১২ সালের মধ্যে প্রায় ৮০% দুধকুমর নদী গর্ভে বিলীন হয়ে যায়। ফলে তখন থেকে **WMCA** এর কার্যক্রম সীমিত হয়ে যায় এবং এক পর্যায়ে সমিতির কার্যক্রম বন্ধ হয়ে যায়। উপ-প্রকল্পের **Catchment Area** নির্দিষ্ট না থাকায় এবং **WMCA** এর কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ায় সমিতির নিবন্ধন বাতিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। **PEDP-4** এর আওতায় কামাত আঙ্গারীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের জন্য পুরাতন এক তলা ভবন নিলামের মাধ্যমে বিক্রয় করা হয়। কিন্তু পরবর্তীতে নিলাম মূল্য তুলনামুলক কম, ধারনা করে বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। পরবর্তীতে উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয় কর্তৃক কার্যাদেশ স্থগিত করা হয়। বিস্তারিত আলোচনা ক্রমে পুনরায় সরেজমিন পরিদর্শন পূর্বক নিলামের মূল্য পুনঃ নির্ধারনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। আন্ধারীঝাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মানের জন্য পুরাতন জরাজীর্ন সেমি পাকা ভবন নিলামের মাধ্যমে বিক্রয়ের নিমিত্ত্বে **Auction value** পুনঃ নির্ধারণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। **PEDP-4** এর মাধ্যমে মইদাম জিপিএস এর নতুন বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য বিদ্যমান বাউন্ডারী ওয়াল নিলামের সিদ্ধান্ত গৃহীত হয়। বঙ্গসোনাহাট ইউনিয়নের চৌধুরী বাজার প্রভাতী প্রকল্পের মাধ্যমে নতুন হাটসেড নির্মাণের নিমিত্ত্বে পুরাতন জরাজীর্ন টিনসেড ভবন নিলামের মাধ্যমে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। ভোটহাটের অবশিষ্ট পাকা রাস্তা প্রভাতী প্রকল্পের মাধ্যমে পাকা করণের প্রস্তাব সদর দপ্তর বরাবর প্রেরণ করা হয়। জাইকা প্রকল্পের মাধ্যমে রাজ মিস্ত্রি, **Plumbing, Electric** এবং রং মিস্ত্রিদের প্রশিক্ষণের জন্য পুনরায় নতুন তালিকা সংযোজন পূর্বক প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা শহর (নন্- মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রনয়ণ ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় (১) ভূরুঙ্গামারী জামে মসজিদ থেকে বাসস্ট্যান্ড (শামসুল হক চৌধুরী রোড) রোড আইডি-১৪৯০৬৪০১৭ দৈর্ঘ্য -১৩৫০ মিঃ কার্পেটিং সহ আরসিসি করণের সিদ্ধান্ত গৃহীত হয়। (২) ভূরুঙ্গামারী কলেজ রোড আর এন্ড এইচ রাস্তার চেইনেজ-০০-২২০ মিঃ রোড আইডি নং-১৪৯০৬৪০১৮ আরসিসি করণের সিদ্ধান্ত গৃহীত হয়। (৩) ভূরুঙ্গামারী জামে মসজিদ থেকে বাসস্ট্যান্ডগামী রাস্তার কেজি স্কুলের মোড় পর্যন্ত ড্রেন নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয় ( রোড আইডি নং-১৪৯০৬৩০১১)। (৪) হসপিটাল থেকে কামাত আঙ্গারীয়া (রোড আইডি নং-১৪৯০৬৪০০২) রাস্তার চেইনেজ-২৯০ মিঃ এ **Damaged slab culvert** এর স্থলে নতুন **RCC Box Culvert** নির্মাণ এবং ভূরুঙ্গামারী শহরে ২ (দুই) টি পাবলিক টয়লেট নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) **ADP** প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, এডিপি'র ১ম কিস্তি বাবদ ১৭,১২,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তির চার গুণ ১৭,১২,০০০ X ৪ = ৬৮,৪৮,০০০/- টাকা ও রাজস্ব উদ্ধৃত ৫০,৪৮,৫১১/- টাকাসহ সর্বমোট ১,১৮,৯৬,৫১১/- (এক কোটি আঠারো লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত এগারো ) টাকার ৩০% পিআইসি ও অবশিষ্ট অর্থের প্রকল্পসমূহ টেন্ডার/কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের

নিমিত্তে সংশ্লিষ্ট সকলের নিকট হতে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। যাচাই বাচাই কমিটির মাধ্যমে বরাদ্দকৃত টাকার **ADP/PIC** বিভাজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। হাসপাতালে সব সময়ই ৫০-৬০ জন রোগী ভর্তি থাকছে। করোনার টিকা প্রদান অব্যাহত রয়েছে। হাসপাতালে নরমাল ডেলিভারীর সংখ্যা বেড়ে গেছে।
সিদ্ধান্ত ঃ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে এবং স্বাস্থ্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ

উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গমারী, কুড়িগ্রাম।

৫ উপজেলা শিক্ষা অফিস ঃ

উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি জনাব মোঃ জাকির হোসেন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ উপজেলা কৃষি অফিস ঃ

উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান ভূরুঙ্গামারী উপজেলা সদরের ২টি স্থানে প্রতিদিন খোলা বাজারে চাল বিক্রি অব্যাহত রয়েছে। খোলা বাজারে চাল বিক্রির কার্যক্রমকে গতিশীল রাখতে অধিকতর প্রচার-প্রচারণার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
সিদ্ধান্ত ঃ খোলা বাজারে চাল বিক্রির কার্যক্রম পরিচালনার জন্য ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ

সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ আগামী সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে তার দপ্তরের কার্যক্রম গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলো না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ ইসলামিক ফাউন্ডেশন ঃ

ইসলামিক ফাউন্ডেশনের প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ উপজেলা সমাজসেবা অফিস ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলো না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
সিদ্ধান্ত ঃ সভায় বিদ্যুতের লোডশেডিং সহনীয় পর্যায়ে রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ কাস্টমস বিভাগ ঃ

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলো না।
সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।
সিদ্ধান্ত ঃ তার দপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ মৎস্য বিভাগঃ

উপজেলা মৎস্য অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।
সিদ্ধান্ত ঃ তার দপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।
সিদ্ধান্ত ঃ তার দপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ আইসিটি বিভাগঃ

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তবে উপজেলাধীন বিভিন্ন সরকারি দপ্তর ও অনেক ইউনিয়ন পরিষদ সমূহে জাতীয় তথ্য বাতায়ন আপডেট নেই। যা জরুরী ভিত্তিতে আপডেট করার জন্য সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদ সমূহের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানানো হয়।
সিদ্ধান্ত ঃ উপজেলাধীন বিভিন্ন সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ সমূহে জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্য সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদ সমূহের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানানো হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

তিলাই ইউনিয়ন পরিষদ ঃ

চেয়ারম্যান, তিলাই ইউনিয়ন পরিষদ সভায় জানান, তার ইউনিয়নে দফাদার/মহল্লাদারের পদ শূন্য রয়েছে। ইউনিয়নের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার্থে ও ইউনিয়ন পরিষদের অন্যান্য জরুরী কাজ কর্ম সম্পাদনের স্বার্থে দফাদার/মহল্লাদারের শূন্য পদ পূরণের অনুরোধ জানান। ।

সিদ্ধান্ত ঃ তিলাই ইউনিয়ন পরিষদসহ অন্যান্য ইউনিয়ন পরিষদের দফাদার/মহল্লাদারের বিধি মোতাবেক শূন্য পদ পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ ঃ

চেয়ারম্যান, বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ সভায় জানান, তার ইউনিয়নের শেষ প্রান্তে পাইকেরছড়া ইউনিয়ন সংলগ্ন পাইলিং থেকে অবৈধভাবে বালু উত্তোলন করা হচ্ছে। ফলে পাইলিংটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়বে। পাইলিং থেকে অবৈধভাবে বালু উত্তোলন বন্ধের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ পাইলিং থেকে অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য চেয়ারম্যান, পাইকেরছড়া/বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, পাইকেরছড়া/বঙ্গসোনাহাট, ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ পাথরডুবী ইউনিয়ন পরিষদ ঃ

চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ সভায় জানান, বর্ষাকালে থানাঘাট উচ্চ বিদ্যালয় মাঠে পানি জমে যায়। ফলে ছাত্র/ছাত্রীদের বিদ্যালয়ে আসা-যাওয়া কষ্টকর হয়ে পড়ে। তিনি পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণের অনুরোধ জানান। তাছাড়া তিনি মইদাম মৌজায় ১ ও ৬নং ওয়ার্ডে জমির ক্ষয়রোধকল্পে গাইড ওয়াল নির্মাণের অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় আলোচনা হয়। চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদকে স্থানীয়ভাবে সভায় সিদ্ধান্তের আলোকে প্রকল্প দাখিলের জন্য বলা হয়।

বাস্তবায়নে ঃ উপজলো প্রকৌশলী/চেয়ারম্যান, পাথরডুবী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ ঃ

চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ সভায় জানান, তার ইউনিয়নে পুরাতন ইউনিয়ন ভূমি অফিসটি নিলামে বিক্রির অনুমতিসহ উক্ত স্থানে মার্কেট করার জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ভূমি অফিসটি বিধি মোতাবেক নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজলো প্রকৌশলী/চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ বলদিয়া ইউনিয়ন পরিষদ ঃ

চেয়ারম্যান, বলদিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান, টিসিবি'র মালামাল গ্রহণকারী অনেক ব্যক্তি তাদের নামে ইস্যুকৃত কার্ড হারিয়ে ফেলেছেন। ফলে তদস্থলে নতুন করে কার্ড তৈরির জন্য সভায় অনুরোধ জানান।।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় আলোচনা হয়। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে তালিকার সাথে মিলিয়ে নতুন কার্ড তৈরির এবং বিতরণের জন্য অনুরোধ জানান।

বাস্তবায়নে ঃ উপজলো প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/চেয়ারম্যান, বলদিয়া ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ মুক্তিযোদ্ধা সংক্রান্ত ঃ

সভায় সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহম্মেদ জানান, মইদাম সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে সাবেক কমান্ডারের বাড়ি পর্যন্ত রাস্তাটি মেরামত/সংস্কারের জন্য সভায় সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি কামনা করেন। এ প্রসঙ্গে সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী জানান রাস্তাটির মেরামত/সংস্কার কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ বর্ণিত রাস্তাটির মেরামত/সংস্কার কাজ দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারীকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ উপজেলা পরিষদঃ

(ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান আগামী ০৬ নভেম্বর ২০২২ তারিখ থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারীকে সভায় অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ পরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারীকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম উপজেলা পরিষদের চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের আয়-ব্যয় বিবরণী উপস্থাপন করেন। উপস্থাপিত আয়-ব্যয় বিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম কর্তৃক উপস্থাপিত উপজেলা পরিষদের চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অফিস সুপার গত সেপ্টেম্বর ২০২২ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে। বিধায় তা অনুমোদনের জন্য তিনি বিনীত অনুরোধ জানান।

মাসের নাম ঃ সেপ্টেম্বর ২০২২

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর /২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২২ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১০০০/- |
| ১১. | মোঃ আবুল হোসেন, উপজেলা পরিষদ ক্যান্টিন, ভূরুঙ্গামারীকে সেপ্টেম্বর/২০২২ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারীকে সেপ্টেম্বর/২০২২ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ শাহিনুর আলম, টেকনিশিয়ান, ইউএনও অফিস, সেপ্টেম্বর/২০২২ মাসের মডেম রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৪,১৮০/- |
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী সেপ্টেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিষ্কারকরণের মজুরী বিল প্রদান | ৩,০০০/- |
| ১৫. | মোঃ মিজানুর রহমান, চর ধাউরারকুটি, আন্ধারীঝাড়, কাঠের ব্রীজ মেরামত করণের জন্য আর্থিক সাহায্য | ১২০০০/- |
| ১৬. | মোঃ মেছের আলী, ধাউরারকুটি, আন্ধারীঝাড়, আবাসন হতে পাড় হয়ে রাস্তায় যাওয়ার জন্য ড্রামের জাকলা তৈরি করণের জন্য আর্থিক সাহায্য | ৮০০০/- |
| ১৭. | মোঃ আঃ করিম, দঃছাট গোপালপুর, তিলাই। নদীভাঙ্গনে বাড়ী ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ১০০০০/- |
| ১৮. | মোঃ হোসেন আলী, ইসলামপুর, চর ভূরুঙ্গামারী। নদীভাঙ্গনে বাড়ী ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ১০০০০/- |
| ১৯. | মোঃ গোলাম মোস্তফা, পাইকডাঙ্গা, পাইকেরছড়া। নদীভাঙ্গনে বাড়ী ভেঙ্গে যাওয়ায় আর্থিক সাহায্যের আবেদন। | ১২০০০/- |
| ২০. | মোঃ জাহাঙ্গীর আলম, দেওয়ানের খামার, ভূরুঙ্গামারী। অফিসার্স ক্লাব পুরাতন ভবনের পানির লাইন, রং করণ ও মেরামত | ২৪৯৯৫/- |
| ২১. | মোঃ শহিদুল ইসলাম, ইরা ডিজিটাল স্টুডিও এন্ড মেটালিক, কলেজ রোড়, ভূরুঙ্গামারী। নেম প্লেট তৈরি ও স্থাপন করণ। | ২৪৯৬০/- |
| ২২. | মোঃ মনজুর আলম, অফিস সহকারী, ইউএনও অফিস। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের বৈদ্যুতিক মালামাল ক্রয় করণ | ২৪৮৬৫/- |
| ২৩. | মোঃ মনজুর আলম, অফিস সহকারী, ইউএনও অফিস। সামাজিক-সম্প্রীতি সমাবেশ এর বিল | ২৫০০০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে হারিয়ে যাওয়া গ্রাম-বাংলার ঐতিহ্যবাহী খেলা-ধুলা পুনঃ প্রচলনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২২-৯৮৬

তারিখঃ ১০ কার্তিক ১৪২৯
২৬ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ........................................................................................... অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ..........................................................................................................................................
১২। অফিস কপি।

২৬/১০/২২

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।